সত্যং শিবমানন্দম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Major 1st Semester Examination, 2023-24

## BNGDSC101T-BENGALI (MAJOR)

## প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশ করছে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০× ৪ = ৪০

(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

(ক) চর্যার পদগুলিতে সাধক-কবি সমকালীন সমাজ-জীবনকে প্রতিফলিত করেছেন। — আলোচনা করো। ১০

**অথবা**

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে একাধিক চণ্ডীদাসের অস্তিত্বকে কেন্দ্র করে যে সমস্যা উদ্ভূত হয়েছে সে সম্পর্কে আলোকপাত করো। ১০

**একক - ২**

(গ) বাংলা মঙ্গলকাব্যের কবিরা তাঁদের রচনায় প্রকারান্তরে পৌরাণিক হিন্দু ধর্মের দেবতাদেরই নতুনভাবে প্রতিষ্ঠা দিতে প্রয়াসী হয়েছেন। — এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

**অথবা**

(ঘ) ধর্মমঙ্গল কাব্যধারার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে কবি ঘনরাম চক্রবর্তীর প্রতিভার মূল্যায়ন করো। ১০

**একক - ৩**

(ঙ) ভাগবত অনুবাদক হিসেবে কবি মালাধর বসুর কৃতিত্ব বিচার করো। ১০

**অথবা**

(চ) মধ্যযুগের দেবমাহাত্ম্যমূলক কাব্য রচনার পরিবর্তে রোমান্টিক প্রেমগাথা রচনায় দক্ষতা দেখালেন আরাকানের রাজসভার কবিরা। — আলোচনা করো। ১০

**একক - ৪**

(ছ) নাথধর্মকে কেন্দ্র করে মধ্যযুগে যে তত্ত্ব-নির্ভর সাহিত্যশাখার সৃষ্টি হয়েছিল, তার পরিচয় দাও। ১০

**অথবা**

(জ) 'শ্রীশ্রীচৈতন্যভাগবত' ও 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থ দুটি একে অপরের পরিপূরক। — আলোচনা করো। ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ)

(ক) বাংলা সাহিত্যে তুর্কী আক্রমণের প্রভাব

(খ) শিবায়ন

(গ) রামায়ণ অনুবাদে কৃত্তিবাসের মৌলিকতা

(ঘ) শাক্ত কবি কমলাকান্ত ভট্টাচার্য।

——×——